

04/02/2016

গোবরু কাগজ

১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউজিসির চুক্তি স্বাক্ষর

দেশের ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়-ক্যাম্পাস নেটওয়ার্কিং স্থাপনের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সঙ্গে গতকাল বুধবার ইউজিসি অডিটোরিয়ামে চুক্তি স্বাক্ষর করে।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. মোখলেছুর রহমান, সিনিয়র অপারেশনস অফিসার, বিশ্বব্যাংক, ঢাকা। ইউজিসি সদস্য প্রফেসর ড. মো. আখতার হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ড. গৌরঙ্গ চন্দ্র মোহান্ত, এনডিসি, প্রকল্প পরিচালক, উচ্চশিক্ষা মানোনুয়ন, প্রকল্প। ইউজিসির পক্ষে ইউজিসি সচিব ড. মো. খালেদ এবং নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা চুক্তিতে স্বাক্ষর করেন। ইউজিসি চেয়ারম্যান বলেন, বিশ্বায়নের যুগে বিশ্বজ্ঞান ভাঙার সঙ্গে সংযুক্ত হতে হলো শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকদের জন্য ক্যাম্পাস নেটওয়ার্কিং খুবই জরুরি। ইউজিসি সদস্য-প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. এম. নূরুজ্জামান আলি এবং উচ্চশিক্ষা মানোনুয়ন প্রকল্প ও বিডিহনের প্রতিনিধিরা এবং ইউজিসির উর্ধ্বতন কর্মকর্তাসহ অন্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। যেসব বিশ্ববিদ্যালয় চুক্তি স্বাক্ষর করে তা হলো-

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিমেল সাইন্স বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়। বিজ্ঞপ্তি।